THE CITY OF NEW YORK
OFFICE OF THE MAYOR
NEW YORK, NY 10007

17 ফেব্রুয়ারি, 2026
**অবিলম্বে প্রকাশের জন্য**

**Contact**: Pressoffice@cityhall.nyc.gov

# মেয়র **Zohran Mamdani** আন্তর্জাতিক বিষয়ক কার্যালয় ও অভিবাসী বিষয়ক কার্যালয়ের কমিশনারদের নাম ঘোষণা করেছেন

*Ana María Archila মেয়রের আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের নেতৃত্ব দেবেন*

*Faiza Ali মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের নেতৃত্ব দেবেন*

**নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক** — আজ, মেয়র Zohran Kwame Mamdani আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের কমিশনার হিসেবে Ana María Archila-কে ও অভিবাসী বিষয়ক কার্যালয়ের কমিশনার হিসেবে Faiza Ali-কে নিয়োগের ঘোষণা দেন।

দীর্ঘদিনের অভিবাসী অধিকার আন্দোলনের নেতা এবং নিউ ইয়র্ক শ্রমজীবী পরিবার দল (New York Working Families Party, NYWFP)-এর সাবেক সহ-পরিচালক Archila সিটি সরকারের প্রধান সংযোগকারী হিসেবে জাতিসংঘ ও স্টেট ডিপার্টমেন্টের সাথে কাজ করবেন। Faiza Ali, যিনি এক দশকেরও বেশি সময় সিটি কাউন্সিলে দায়িত্ব পালন করেছেন এবং সর্বশেষ সাবেক স্পিকারের কমিউনিটি অংশগ্রহণ বিভাগের উপ-প্রধান কর্মকর্তা হিসেবে কাজ করেছেন, তিনি মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের (Mayor’s Office of Immigrant Affairs) নেতৃত্ব দেবেন।

আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের কমিশনার সিটি সরকারের পক্ষ থেকে জাতিসংঘ, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় (U.S. State Department) এবং বৃহত্তর কূটনৈতিক মহলের সাথে সংযোগ রক্ষা করেন। মেয়রের আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের (Mayor’s Office for International Affairs) নেতৃত্বে Archila সিটির সংস্থাগুলোকে কূটনৈতিক বিষয়ে পরামর্শ দেবেন, বিদেশি কূটনীতিকদের নিউ ইয়র্কে স্বাগত জানাবেন এবং NYC তরুণ প্রতিনিধি কর্মসূচির মতো নেতৃত্ব উন্নয়ন কর্মসূচিসমূহ পরিচালনা করবেন। নিউ ইয়র্ক সিটি

যাতে  বিশ্ব সম্প্রদায়ের কাছে একটি বন্ধুত্বপূর্ণ ও নিরাপদ স্থান বলে মনে হয় তা নিশ্চিত করতে কমিশনার Archila কাজ করবেন।

**মেয়র Zohran Kwame Mamdani** বলেন,"নিউ ইয়র্ক সিটি সবসময়ই সারা বিশ্বের জন্য উন্মুক্ত ছিল — এটি এমন একটি শহর যা অভিবাসীরা গড়ে তুলেছে এবং আমাদের নানা ভাষা ও গল্পে সমৃদ্ধ হয়েছে। এই ঐতিহ্যকে এগিয়ে নিতে বর্তমান প্রশাসনে Ana María Archila-কে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত। শ্রমজীবী পরিবার দলে তাঁর নেতৃত্বের মাধ্যমে তিনি এমন একটি আন্দোলন গড়ে তুলতে সহায়তা করেছেন যা কর্মজীবী নিউ ইয়র্কবাসীদের অগ্রাধিকার দেয় এবং এমন একটি সরকার চায় যে একই লক্ষ্যে কাজ করবে। তিনি নৈতিক দায়বদ্ধতা ও এই শহরকে যারা সচল রাখেন সেসব শ্রমজীবী মানুষের প্রতি গভীর অঙ্গীকারের ভিত্তিতে কাজ করেন। আন্তর্জাতিক বিষয়ক কমিশনার হিসেবে তিনি এই ধারা অব্যাহত রাখবেন ও নিশ্চিত করবেন যে আমরা যাকে বাড়ি বলি, সেই শহরে বিশ্ব যেন সর্বদা স্বাগত থাকে।"

**Ana María Archila** বলেন,"মেয়র মামদানির বৈপ্লবিক প্রশাসনে যোগ দিতে পেরে এবং আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ে তার অঙ্গীকার, নিউ ইয়র্ক যাতে এমন একটি জায়গা হয় যেখানে প্রত্যেকে মর্যাদার সাথে বসবাস করতে পারে, সেটি বাস্তবায়ন করার সুযোগ পেয়ে আমি অত্যন্ত সম্মানিত বোধ করছি।নিউ ইয়র্ক সিটি এমন একটি স্থান যেখানে কূটনীতিকরা সমবেত হন এবং এটি বিশ্বের নানা প্রান্ত থেকে আসা লক্ষ লক্ষ শ্রমজীবী নিউ ইয়র্কবাসীরও আবাস—যেখানে শত শত জাতীয়তার মানুষ প্রতিনিধিত্ব করে এবং অসংখ্য ভাষা প্রচলিত। নিউ ইয়র্ক সিটিতে আন্তর্জাতিক সম্পর্ক গড়ে ওঠে জাতিসংঘে এবং পাঁচটি বরো জুড়ে। অভিবাসী অধিকার ও অর্থনৈতিক ন্যায়বিচার সংগঠন পরিচালনায় আমার 20 বছরেরও বেশি অভিজ্ঞতাকে কূটনৈতিক মিশন, সরকার এবং বৈষম্য, জলবায়ু পরিবর্তন ও গণতান্ত্রিক পশ্চাদপসরণের মতো চ্যালেঞ্জ মোকাবিলায় কাজ করা আন্দোলনগুলোর সঙ্গে শক্তিশালী সম্পর্ক গড়ে তুলতে কাজে লাগানোর সুযোগ পেয়ে আমি উচ্ছ্বসিত।"

**দক্ষিণ আফ্রিকায় যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত এবং সেন্টার ফর আমেরিকান প্রগ্রেস-এর ডিস্টিংগুইশড ফেলো Patrick Gaspard** বলেন, "কূটনীতি হলো আন্তর্জাতিক পরিসরে সচেতন নেটওয়ার্ক গড়ে তোলার কাজ, যাতে মানুষের জীবনমান উন্নত হয়। Ana María Archila ঠিক এই কাজের জন্যই উপযুক্ত। অভিবাসন, জলবায়ু পরিবর্তন এবং ক্রমবর্ধমান অর্থনৈতিক বৈষম্যের মতো সমসাময়িক আন্তঃসীমান্ত চ্যালেঞ্জগুলোতে Ana María সামনের সারির নেতা হিসেবে কাজ করেছেন। এমন এক সময়ে যখন আমাদের জোটগুলো ঝুঁকির মুখে এবং আমাদের মূল্যবোধগুলো চ্যালেঞ্জের সম্মুখীন, মেয়র Mamdani এই বৈশ্বিক শহরের জন্য এমন একজন নেতাকে বেছে নিয়ে অনুপ্রেরণাদায়ক সিদ্ধান্ত নিয়েছেন, যার রয়েছে অগ্রগতির জন্য অভিন্ন ভিত্তি খুঁজে বের করার প্রমাণিত অভিজ্ঞতা।"

**নিউ ইয়র্ক অভিবাসী সমন্বয় জোট (New York Immigration Coalition)-এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা Murad Awawdeh** বলেন, "নিউ ইয়র্ক সিটির পরবর্তী আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের কমিশনার হিসেবে Ana María Archila-র নিয়োগ এমন একটি কর্মজীবনের স্বীকৃতি, যা শহর, অঙ্গরাজ্য ও ফেডারেল পর্যায়ে কমিউনিটির চাহিদাকে সেবা, কর্মসূচি ও নীতির সঙ্গে সংযুক্ত করার জন্য নিবেদিত। তিনি নিউ ইয়র্ক সিটিতে শ্রমজীবী মানুষের অধিকার ও মর্যাদার জন্য দুই দশকেরও বেশি সময় ধরে লড়াই করেছেন—একজন অলাভজনক প্রতিষ্ঠানের নির্বাহী হিসেবে এবং আমাদের সংগঠনসহ বহু প্রতিষ্ঠানের

বোর্ড সদস্য হিসেবে। বৈশ্বিক অঙ্গনে সব নিউ ইয়র্কবাসীর পক্ষে Archila-র চেয়ে শক্তিশালী কণ্ঠ আমরা ভাবতে পারি না।”

**মেক দ্য রোড নিউ ইয়র্ক-এর সহ-নির্বাহী পরিচালক**, **Jose Lopez** বলেন, “আজ আমরা নিউ ইয়র্ক সিটির আন্তর্জাতিক বিষয়ক কমিশনার হিসেবে Ana María Archila-র নিয়োগ উদযাপন করছি। Ana María ‘মেক দ্য রোড নিউ ইয়র্ক’-এ সংগঠক হিসেবে তার যাত্রা শুরু করেন এবং দুই দশকেরও বেশি সময় ধরে অভিবাসী, শ্রমজীবী ও LGBTQ+ কমিউনিটির সঙ্গে যুক্ত থেকে তাদের ক্ষমতায়ন ও সংগঠন গড়ে তুলেছেন। আমাদের নিজেদের একজন অভিবাসী নারীকে এই ভূমিকায় দেখতে পেয়ে আমরা অপরিসীম গর্ব অনুভব করছি। ফেডারেল সরকার যখন অভিবাসীদের ক্রমাগতভাবে দুষ্কৃতকারী হিসেবে চিহ্নিত করে চলছে, এমন এক সময়ে Ana María-র নেতৃত্ব আগের চেয়ে আরও বেশি প্রয়োজন। আমরা আত্মবিশ্বাসী যে তিনি এমন একটি দপ্তর গড়ে তুলতে সহায়তা করবেন যা আন্তর্জাতিক শ্রমিকদের—যারা এই শহরকে প্রাণবন্ত, শক্তিশালী ও অগ্রসরমান রাখে—উন্নয়ন ও স্বীকৃতি দানে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ।”

**হিস্পানিক ফেডারেশন (Hispanic Federation)-এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, Frankie Miranda** বলেন, “আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের কমিশনার হিসেবে Ana María Archila-র নিয়োগ আমাদের কমিউনিটির জন্য আনন্দের সংবাদ। তিনি সবসময় সাহসিকতার সঙ্গে এবং অভিবাসী ও শ্রমজীবী পরিবারের প্রতি গভীর দায়বদ্ধতার অনুভূতি নিয়ে নেতৃত্ব দিয়েছেন। বিশ্বমঞ্চে নিউ ইয়র্কের কণ্ঠ আরও শক্তিশালী হবে, কারণ Ana María বোঝেন যে বৈশ্বিক নেতৃত্বের শুরু হয় নিজ ঘরে ন্যায়বিচার ও মানবিক মর্যাদার পক্ষে দৃঢ় অবস্থান নেওয়ার মাধ্যমে।”

**Ana María Archila সম্পর্কে**

Ana María Archila দুই দশকেরও বেশি সময় ধরে নিউ ইয়র্ক এবং জাতীয় পর্যায়ে অভিবাসী অধিকার আন্দোলনের একজন নেতা হিসেবে কাজ করছেন। কলম্বিয়ায় জন্মগ্রহণকারী Ana María তার প্রাপ্তবয়স্ক জীবনের পুরো সময় নিউ ইয়র্কে কাটিয়েছেন। তিনি ‘মেক দ্য রোড নিউ ইয়র্ক’ এবং ‘সেন্টার ফর পপুলার ডেমোক্রেসি’সহ একাধিক তৃণমূল প্রগতিশীল সংগঠনের সহপ্রতিষ্ঠাতা ছিলেন ও নেতৃত্ব দিয়েছেন।

তার কর্মজীবনে Archila অভিবাসন সংস্কার, বেতনসহ অসুস্থতা ছুটি, ন্যূনতম মজুরি বৃদ্ধি এবং ‘নিউ ইয়র্ক ড্রিম অ্যাক্ট’ পাসের প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছেন। তিনি 2022 সালে নিউ ইয়র্কের লেফটেন্যান্ট গভর্নর পদে প্রথমবারের মতো প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করে 213,210 ভোট পেয়েছিলেন। সর্বশেষ তিনি নিউ ইয়র্ক শ্রমজীবী পরিবার দল (NYWFP)-এর সহ-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং মেয়র Mamdani-র নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

**Faiza Ali মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয় (Mayor’s Office of Immigrant Affairs)-এর নেতৃত্ব দেবেন। তিনি পাকিস্তানি অভিবাসী মা-বাবার কন্যা এবং তাঁর রয়েছে কমিউনিটি সংগঠন ও সিটি সরকারের কাজে বহু বছরের অভিজ্ঞতা।** মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয় (MOIA) মেয়রকে পরামর্শ দেয় যাতে নিউ ইয়র্ক সিটি তার অভিবাসী বাসিন্দাদের যথাযথভাবে সেবা ও সুরক্ষা নিশ্চিত করতে পারে।

**মেয়র Zohran Kwame Mamdani** বলেন, "মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের পরবর্তী কমিশনার হিসেবে Faiza Ali-কে নিয়োগ দিতে পেরে আমি গর্বিত। পাকিস্তানি অভিবাসীদের কন্যা হিসেবে Faiza নিউ ইয়র্কে অভিবাসী জীবনের সম্ভাবনা ও অনিশ্চয়তা সরাসরি উপলব্ধি করেন। কমিউনিটি সম্পৃক্ততা ও সিটি সরকারের কাজে তার এক দশকেরও বেশি অভিজ্ঞতা রয়েছে এবং অভিবাসী অধিকার ও সেবা সম্প্রসারণে তার নেতৃত্বের প্রমাণিত রেকর্ড আছে। যখন অভিবাসী নিউ ইয়র্কবাসীরা বাড়তে থাকা আক্রমণ ও অনিশ্চয়তার মুখোমুখি, এমন এক সময়ে এই প্রশাসন দ্বিধাগ্রস্ত হবে না। আমরা আমাদের প্রতিবেশীদের রক্ষা করব। আমরা সেবার পরিসর বাড়াব। এবং আমরা নিশ্চিত করব যে নিউ ইয়র্ক সিটি এমন একটি স্থান হিসেবে থাকবে, যেখানে অভিবাসীরা শুধু কথায় স্বাগত নয়, বরং নীতিতে সুরক্ষিত, বাস্তবে সহায়তাপ্রাপ্ত এবং তাদের প্রাপ্য মর্যাদার সঙ্গে বসবাস ও কাজ করতে সক্ষম।"

**Faiza Ali** বলেন, "আমি পাকিস্তান থেকে আসা অভিবাসী মা-বাবার গর্বিত কন্যা, যারা সাহস, সম্ভাবনার প্রতি অটল বিশ্বাস এবং এখানে ভবিষ্যৎ গড়ার দৃঢ় সংকল্প নিয়ে নিউ ইয়র্ক সিটিতে এসেছিলেন। এই শহর আমাদের সুযোগ, স্থিতিশীলতা এবং শিকড় গাড়তে সুযোগ দিয়েছে, ঠিক যেমনটি আমাদের আগে প্রজন্মের পর প্রজন্ম ধরে অভিবাসীদের বেলায় ঘটেছে। মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের কমিশনার হিসেবে কাজ করা আমার জন্য একটি সম্মানের বিষয়। নিউ ইয়র্ক সিটি কেবল অভিবাসীদের আবাসস্থল নয়, এটি তাদের দ্বারা পরিচালিতও। আমাদের পাড়া-মহল্লা, আমাদের অর্থনীতি, আমাদের সংস্কৃতি এবং আমাদের ভবিষ্যৎ গড়ে ওঠে সেইসব লোকদের দ্বারা যারা নিরাপত্তা ও ভাগ্যান্বেষণে এখানে এসেছেন। কমিশনার হিসেবে, আমি এমন একটি শহর গড়ে তোলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা নিশ্চিত করে যে প্রত্যেক নিউ ইয়র্কবাসী, তারা কখন এসেছেন বা কোথায় জন্মগ্রহণ করেছেন তা নির্বিশেষে, তারা মর্যাদার সাথে বসবাস করতে, কাজ করতে ও পরিবার গড়ে তুলতে পারবেন।"

**অভিবাসী বিষয়ক কমিটির সভাপতি, কাউন্সিল সদস্য Elsie Encarnacion বলেন,** "গত তিন বছর ধরে Faiza-র কাউন্সিলে কাজ করার সৌভাগ্য আমার হয়েছে। তিনি বুদ্ধিমতী, সহানুভূতিশীল এবং এই কাজের প্রতি গভীরভাবে অনুরাগী। আমি নিশ্চিত যে কমিশনার হিসেবে তিনি তার অভিজ্ঞতা ও উদ্যমকে কাজে লাগাবেন এবং আমাদের সকলের জন্য একটি শক্তিশালী মিত্র হিসেবে কাজ করার প্রতিশ্রুতি রক্ষা করবেন। যখন আমাদের কাজ আগের যেকোনো সময়ের চেয়েও বেশি গুরুত্বপূর্ণ, এরকম একটি সময়ে আমি MOIA দলকে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে তার ক্ষমতা সম্পর্কে আন্তরিকভাবে আশাবাদী।"

**নিউ ইয়র্ক অভিবাসী সমন্বয় জোট (New York Immigration Coalition)-এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা Murad Awawdeh** বলেন, "MOIA-র কমিশনার হিসেবে Faiza N. Ali-র নিয়োগ অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিজয়। নিউ ইয়র্কে জন্মগ্রহণকারী এবং বেড়ে ওঠা একজন হিসেবে, যিনি ব্রুকলিনের একটি অভিবাসী পরিবার এবং পাড়ায় বেড়ে উঠেছেন, তিনি আমাদের সম্প্রদায়ের চাহিদা ও অভিজ্ঞতাগুলি গভীরভাবে বোঝেন। তার কর্মজীবন জুড়ে, তিনি সকল ধর্ম ও সংস্কৃতির কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের সুযোগ এবং পরিষেবার সাথে সংযুক্ত করে ক্ষমতায়িত করেছেন - একই সাথে নীতিগত পরিবর্তনগুলিকে এগিয়ে নিয়ে গেছেন যা প্রতিটি পরিবারকে উন্নতির সুযোগ নিশ্চিত করে। মেয়র Mamdani-র এই নিয়োগে আমরা আনন্দিত এবং এখন ও ভবিষ্যতে সকল অভিবাসী নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং কল্যাণকে এগিয়ে নিতে তার সাথে কাজ করার অপেক্ষায় আছি।"

**মেক দ্য রোড এনওয়াইয়ের নতুন সহ-নির্বাহী পরিচালক Natalia Aristizabal** বলেন, "মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ে নিয়োগ পাওয়ায় আমরা কমিশনার Faiza Ali-কে অভিনন্দন জানাই। এই

গুরুত্বপূর্ণ ভূমিকায় একজন সরকারি কর্মচারী হিসেবে Faiza ব্যাপক অভিজ্ঞতা নিয়ে এসেছেন এবং সেই সাথে নিউ ইয়র্ক সিটির বিভিন্ন সম্প্রদায় ও তারা যেসব জটিল চ্যালেঞ্জের মুখোমুখি হয় সে সম্পর্কেও তার অনন্য ধারণা রয়েছে। আমরা নিশ্চিত যে Faiza সকল অভিবাসী নিউ ইয়র্কবাসীর পক্ষে একজন শক্তিশালী সমর্থনকারী হবেন এবং ফেডারেল আগ্রাসনের বিরুদ্ধে আমাদের সম্প্রদায়কে রক্ষা করার জন্য দৃঢ়ভাবে দাঁড়াবেন।"

**লা কোলমেনার অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক Arlette Cepeda** বলেন, "আমরা Faiza Ali-কে মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের পরবর্তী কমিশনার হিসেবে স্বাগত জানাতে পেরে গর্বিত। Faiza স্ট্যাটেন আইল্যান্ডের অভিবাসী সম্প্রদায়ের একজন অবিচল সহযোগী। আমাদের তার মতো নেতাদের প্রয়োজন, যারা বুদ্ধিমান, নীতিবান এবং সংগঠিত হওয়ার ক্ষেত্রে গভীরভাবে প্রোথিত, যারা স্ট্যাটেন আইল্যান্ড এবং তার বাইরেও অভিবাসী পরিবারের পক্ষে দাঁড়াবেন। আমরা তার পাশে কাজ করার এবং তাকে সমর্থন করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক আরব আমেরিকান সমিতি (**Arab American Association of New York**)-র নির্বাহী পরিচালক **Marwa Janini** বলেন, "Faiza বহু বছর ধরে AAANY-এর সম্প্রদায়ের অংশ। আমাদের প্রচার-প্রচারণা ও নাগরিক সম্পৃক্ততা কর্মসূচির পরিচালক হিসেবে, তিনি অভিবাসন সংস্কার প্রচেষ্টাসহ বিভিন্ন প্রচারণার নেতৃত্ব দিয়েছিলেন যা নিউ ইয়র্ক সিটি জুড়ে হাজার হাজার অভিবাসীকে সাহায্য করেছিল। তার অভিজ্ঞতা এবং নীতি ও বাস্তবতা উভয় বিষয়েই তার উপলব্ধি তাকে এই ভূমিকার জন্য উপযুক্ত বলে বিবেচিত করে। AAANY-তে আমাদের পূর্ণ আস্থা রয়েছে যে, MOIA-র কমিশনার হিসেবে, তিনি নিউ ইয়র্ক সিটির অভিবাসী সম্প্রদায়ের জন্য একজন বলিষ্ঠ সমর্থক ও একজন নেতৃত্বদানকারী কণ্ঠ হিসেবে কাজ করে যাবেন।"

**নগর ন্যায় বিধান কেন্দ্র (Urban Justice Center)-এর ফুটপাতের হকারদের অধিকার কর্মসূচির পরিচালক Mohamed Attia** বলেন, "আমরা আনন্দিত যে Faiza Ali মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের নতুন কমিশনার হবেন। সরকারে Faiza-র গভীর অভিজ্ঞতা, অভিবাসী সম্প্রদায়ের সেবায় অসাধারণ নিষ্ঠা এবং অভিবাসী ক্ষুদ্র ব্যবসায়ীদের সাফল্যের জন্য শহর গড়ে তোলার প্রতি তার অঙ্গীকার তাকে এই ভূমিকার জন্য উপযুক্ত করে তুলেছে।"

## Faiza Ali সম্পর্কে

Faiza Ali নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে কমিউনিটি এনগেজমেন্টে এক দশকেরও বেশি সময় ধরে কাজ করেছেন। 2014 সালে, তিনি কমিউনিটি এনগেজমেন্ট বিভাগের পরিচালক হওয়ার আগে কমিউনিটি লিয়াজোঁ হিসেবে কাজ করেছিলেন। কাউন্সিলে যোগদানের আগে, তিনি নিউ ইয়র্ক আরব আমেরিকান সমিতির প্রচার-প্রচারণা এবং সিভিক এনগেজমেন্ট পরিচালক ছিলেন ও নিউ ইয়র্ক মুসলিম গণতান্ত্রিক ক্লাবের সহ-প্রতিষ্ঠাতা ছিলেন। তিনি ব্রুকলিন কংগ্রিগেশনস ইউনাইটেডের একজন সংগঠক ছিলেন এবং CAIR-NY-তে কমিউনিটি অ্যাফেয়ার্সের পরিচালক হিসেবেও কাজ করেছিলেন।

নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুল ব্যবস্থায় দুটি মুসলিম ছুটি অন্তর্ভুক্ত করার প্রচেষ্টায় নেতৃত্ব দিতে Faiza Ali সাহায্য করেছিলেন এবং অভিবাসন সংস্কার ও ভাষা-সুবিধা সহায়তার জন্য লড়াই করেছেন। তিনি সম্প্রতি সিটি কাউন্সিলে প্রথম উপ-প্রধান কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। কমিশনার হিসেবে, তিনি

ইংরেজি ভাষাভাষী নন এমন নিউ ইয়র্কবাসীদের জন্য সিটি সরকারের কর্মসূচি ও সুযোগ-সুবিধাগুলি পাবার সুযোগ বৃদ্ধির জন্য কাজ করবেন এবং পাঁচটি বরো জুড়ে অভিবাসীদের সুরক্ষার জন্য অন্যান্য সংস্থার সাথে সহযোগিতার ভিত্তিতে কাজ করবেন।

###